



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ

তেজগাঁও, ঢাকা-১২০৮।

প্রতিষ্ঠান কোড-৫০১৪৮

ওয়েব সাইট : www.tttc.edu.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

ডিপ্লোমা-ইন-টেকনিক্যাল এডুকেশন কোর্সে  
(প্রি-সার্ভিস ও ইন-সার্ভিস)  
ভর্তি বিজ্ঞপ্তি  
(সেশনঃ ২০২২-২০২৩)

- ১) টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে দুই সেমিস্টার (১বছর) ব্যাপী ডিপ্লোমা-ইন-টেকনিক্যাল এডুকেশন কোর্সে ভর্তির জন্য দরখাস্ত আহবান করা যাচ্ছে।
- ২) উক্ত কোর্স সমাপনান্তে ছাত্র/ছাত্রীকে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক ডিপ্লোমা-ইন-টেকনিক্যাল এডুকেশন এর সনদপত্র প্রদান করা হবে। উল্লেখ্য উক্ত কোর্স সমাপ্ত করলে ঢাকা বিশ্ববিদ্যালয় এর অধীন বিএসসি ইন টেক এডুকেশন কোর্সে ভর্তির সুযোগ থাকবে।
- ৩) ডিপ্লোমা ইন টেক এডুকেশন কোর্সে নিম্নবিনিত টেকনোলজিতে ভর্তি যোগ্যতা :

ক্রমিক নং	বিভাগ	আসন সংখ্যা		শিক্ষাগত যোগ্যতা
		প্রি-সার্ভিস	ইন-সার্ভিস	
ক.	সিভিল টেকনোলজী	১৫	১৫	বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অথবা অনুমোদিত কোন শিক্ষা প্রতিষ্ঠান হতে কমপক্ষে জিপিএ ২.৫০ প্রাপ্ত পুরকৌশল/আর্কিটেকচার/আর্কিটেকচার এন্ড ইনটেরিয়র ডিজাইন/কনস্ট্রাকশন/এনভায়রনমেন্টাল-এ ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা।
খ.	ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স টেকনোলজী	১০	১০	বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অথবা অনুমোদিত কোন শিক্ষা প্রতিষ্ঠান হতে কমপক্ষে জিপিএ ২.৫০ প্রাপ্ত ইলেকট্রিক্যাল/ ইলেকট্রনিক্স/ কম্পিউটার/ইলেকট্রোমেডিক্যাল /ইন্সট্রুমেন্টেশন এন্ড প্রসেস কন্ট্রোল-এ ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা।
গ.	মেকানিক্যাল টেকনোলজী	১৫	১৫	বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অথবা অনুমোদিত কোন শিক্ষা প্রতিষ্ঠান হতে কমপক্ষে জিপিএ ২.৫০ প্রাপ্ত যন্ত্রকৌশল/শক্তিকৌশল/ ফুড টেকনোলজী/ কেমিকৌশল/অটোমোবাইল/রেফ্রিজারেশন এন্ড এয়ার কন্ডিশনিং/ সিরামিক্স/ মেরিন টেকনোলজীতে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা।


- আসন সংখ্যা পরিবর্তিত হতে পারে।


- ৪) আগামী ১৩/১২/২০২৩ইং তারিখ হতে ৫০০ (পাঁচ শত) টাকার বিনিময়ে অত্র কলেজের একাডেমিক শাখায় ভর্তি ফরম অফিস চলাকালীন সময়ে পাওয়া যাবে। প্রার্থীকে নির্ধারিত ফরমে এস,এস,সি সার্টিফিকেট, ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং এর সার্টিফিকেট, ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং এর সর্বশেষ পর্বের মার্কসীট/গ্রেড সীট এবং সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের নিকট হতে প্রাপ্ত চরিত্রিক সার্টিফিকেট-এর সত্যায়িত ফটোকপি ও পাসপোর্ট সাইজের ১ (এক) কপি ফটোসহ আগামী ০৩/০১/২০২৪ইং তারিখ বেলা ৪:০০ ঘটিকার মধ্যে ভর্তির জন্য আবেদন করতে পারবে।
- ৫) চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- ৬) কলেজের ভর্তি কমিটি কর্তৃক নির্ধারিত নীতিমালা অনুযায়ী ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং-এর প্রাপ্ত নম্বর/গ্রেড ও লিখিত/মৌখিক পরীক্ষার ভিত্তিতে আবেদনকারীদের মধ্য থেকে ভর্তির যোগ্য প্রার্থী নির্বাচন করা হবে।
- ৭) পূর্ণকালীন এই কোর্সে অধ্যয়নকালে অন্য কোন কোর্সে অধ্যয়ন বা চাকুরী করা যাবে না।
- ৮) চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের ছাড়পত্র জমা দিতে হবে। ভর্তির সময় সকল জমাকৃত সার্টিফিকেটের মূল কপি দেখাতে হবে।

অঃ পৃঃ দ্রঃ

পাতা-২

- ৯) লিখিত/মৌখিক পরীক্ষার জন্য বৈধ প্রার্থীদের নামের তালিকা আগামী ১০/০১/২০২৪ইং তারিখে কলেজ নোটিশ বোর্ডে ও ওয়েব সাইটে (www.tttc.edu.bd) প্রকাশ করা হবে হবে।
- ১০) লিখিত/মৌখিক পরীক্ষা ১৪/০১/২০২৪ইং তারিখ সকাল ১০:০০ ঘটিকায় শুরু হবে।
- ১১) ১৬/০১/২০২৪ ইং তারিখে নির্বাচিত এবং অপেক্ষমান প্রার্থীদের তালিকা কলেজ নোটিশ বোর্ড ও ওয়েব সাইটে প্রকাশ করা হবে এবং ভর্তি কার্যক্রম ১৮/০১/২০২৪ইং হতে ৩০/০১/২০২৪ ইং তারিখ পর্যন্ত চলবে। উল্লেখ্য আসন খালি থাকা সাপেক্ষে অপেক্ষমান তালিকা হতে আগে আসলে আগে পাবে ভিত্তিতে ৩১/০১/২০২৪ ইং তারিখ অফিস চলাকালীন সময়ে ভর্তি কার্যক্রম চলবে।
- ১২) ভর্তি কার্যক্রম বিষয়ে প্রার্থীকে প্রার্থীর নামে আলাদাভাবে কোন পত্র ইস্যু করা হবে না।
- ১৩) ১ম সেমিস্টারে ভর্তির সময় বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক নিধারিত হারে সাকুল্যে ৪২৬৫/- (চার হাজার দুইশত পঁয়ষট্টি টাকা মাত্র) জমা দিয়ে ভর্তি হতে হবে।
- ১৪) ভর্তি সংক্রান্ত তথ্য জানার জন্য কলেজের একাডেমিক শাখা ও মোবাইল নং ০১৫৫৩-৫৪৫৭৫১ তে অফিস চলাকালীন সময়ে যোগাযোগ কর যাবে।
- ১৫) ভর্তি সংক্রান্ত ব্যাপারে ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১৬) ভর্তি সংক্রান্ত যে কোন বিষয়ে পরিবর্তন, পরিবর্ধন, পরিমার্জন কর্তৃপক্ষ সংরক্ষন করে।
- ১৭) আগামী ০১/০২/২০২৪ ইং তারিখ সকাল ৯:০০ ঘটিকায় ক্লাশ শুরু হবে।

  
(প্রকৌঃ মোঃ আকক্বাহ আলী সেখ)  
অধ্যক্ষ  
টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ  
তেজগাঁও, ঢাকা-১২০৮।

  
১২/০২/২০২৪